

# কালের বর্গ

ঢাকা। বুধবার। ১১ মার্চ ২০২৬  
২৬ ফাল্গুন ১৪৩২। ২১ রমজান ১৪৪৭



## ক্যাম্পাস সংবাদ



## উচ্চশিক্ষা নিয়ে এনএসইউতে গোলটেবিল

৯ মার্চ নর্থ সাউথ ইউনিভার্সিটির সিন্ডিকেট হলে 'রাউন্ডটেবল ডিসকাশন অ্যান্ড ইফতার ২০২৬' অনুষ্ঠিত হয়েছে। নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও বাংলাদেশ সোসাইটি ফর প্রাইভেট ইউনিভার্সিটি একাডেমিকসের (বিএসপিইউএ) যৌথ উদ্যোগে এই আয়োজন করা হয়। আলোচনার বিষয় ছিল 'হায়ার এডুকেশন ল্যান্ডস্কেপ অব বাংলাদেশ: কনটেম্পোরারি থটস'। এই আয়োজনে নীতিনির্ধারক, শিক্ষাবিদ ও গবেষকরা একত্রিত হয়ে বাংলাদেশের উচ্চশিক্ষার বর্তমান চ্যালেঞ্জ, সম্ভাবনা এবং ভবিষ্যৎ দিকনির্দেশনা নিয়ে আলোচনা করেন। প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী

ববি হাজ্জাজ। বিশেষ অতিথি ছিলেন অ্যাসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটিস অব বাংলাদেশের চেয়ারম্যান ড. মো. সবুর খান, এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের প্রতিষ্ঠাতা আজীবন সদস্য ও সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ এবং এনএসইউ উপাচার্য আবদুল হান্নান চৌধুরী। অধিবেশনে সভাপতিত্ব করেন ইন্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য ও বিএসপিইউএ সভাপতি অধ্যাপক ফরিদ এ সোবহানী। প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেন, 'আমাদের প্রমাণভিত্তিক নীতিমালা প্রয়োজন। একটি শক্তিশালী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চশিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে শিক্ষার্থী, শিক্ষকসহ সংশ্লিষ্ট সব অংশীজনের কথা আমাদের গুনতে হবে।'